

5

৪৮৩৬১০২৪৬

**কয়েকটি
স্কুল ভবন
ধসিয়া পড়ার
আশংকা**

গোপালদীবাড়ার (নারায়ণ-
গঞ্জ), ২০শে আগস্ট (নিজস্ব
সংবাদদাতা)—বিশনন্দী ইউ-
নিয়নের কড়ইতলা প্রাথমিক
বিদ্যালয়, রামদী ইউনিয়নের
মাওরাদি প্রাইমারী স্কুল এবং
মামুদপুর ইউনিয়নের তান
সাদী প্রাইমারী স্কুল ভবন ভাঙ্গির
পড়ার আশংকা দেখা দিচ্ছে।
ভবনগুলিতে ফাটল ধরিয়েছে।
এবং বৃষ্টি হইলে ছাদ চুরাইয়া
পানি পড়ে, কড়ইতলা প্রাথমিক
বিদ্যালয়ের ছাদ হইতে আস্তর
ধসিয়া পড়িতেছে। উল্লেখিত ৩টি
বিদ্যালয়সহ এলাকার বিভিন্ন
প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয়
(৪র্থ পৃঃ দঃ)

**কয়েকটি স্কুল ভবন
(৩য় পৃঃ পর)**

চেরার, টেবিল বেকের খুবই
অভাব রহিয়াছে।

নবাবগঞ্জ-দোহার

নবাবগঞ্জের (ঢাকা) সংবাদ-
দাতা জানান, নবাবগঞ্জ ও
দোহার উপজেলার কয়েকটি
প্রাথমিক বিদ্যালয় যে কোন
মুহুর্তে ধসিয়া পড়ার আশংকা
দেখা দিচ্ছে। দোহার উপ-
জেলার মেঘলা ও শিমুলিয়া
প্রাথমিক বিদ্যালয় ভবন ধসিয়া
পড়ার আশংকার স্কুল দুইটির
ছাদছাড়ীরা খোলা আকাশের
নীচে ক্রাস করিতেছে। ইতি-
মধ্যেই বিদ্যালয়ের একাংশ
ভাঙ্গিয়া গিয়াছে। জনকি, লটা-
খোলা, ডালারপাড়, বানাঘাটা
প্রভৃতি প্রাথমিক বিদ্যালয় ভাঙ্গিয়া
পড়ার আশংকা দেখা দিচ্ছে।
নবাবগঞ্জ উপজেলার বেশ
কয়েকটি প্রাথমিক বিদ্যালয়
ধসিয়া পড়ার উপক্রম হইয়াছে।
কোন কোন বিদ্যালয় ভবনের
প্রাঙ্গণ ধসিয়া পড়িতেছে।
কোনটির মেঝে দাবিয়া গিয়াছে।